

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
শাখা-১৬ (কারিগরি-২)

নং-শিম/শাঃ১৬/স্বীকৃতি(কমিটি)৬-৬/২০১০(অংশ-১)/২২৭

তারিখ : ১২ কার্তিক, ১৪২১ বঙ্গাব্দ  
২৭ অক্টোবর, ২০১৪ খ্রিঃ

বিষয় : বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে কোটার শর্ত শিথিলপূর্বক নিম্নোক্ত প্রতিষ্ঠানসমূহে নিম্ন বর্ণিত শর্তে ডিপ্লোমা-ইন-ইঞ্জিনিয়ারিং কোর্সের প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি প্রদান করা হলো :

ক্রমিক নং	প্রতিষ্ঠানের নাম	অনুমতির ধরণ
১.	ড্যাফোডিল টেকনিক্যাল ইন্সটিটিউট, কলাবাগান, ঢাকা।	প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি
২.	ড্যাফোডিল পলিটেকনিক ইন্সটিটিউট, দিয়াবাড়ী, তুরাগ, ঢাকা।	প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি
৩.	কাজিপুর পলিটেকনিক এন্ড টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং ইন্সটিটিউট, কাজিপুর, সিরাজগঞ্জ।	প্রতিষ্ঠান স্থাপনের পূর্বানুমতি

**শর্তসমূহ :**

- শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/১১/২০১১ তারিখের শিম/শাঃ ১৩/এমপিও-১২/২০০৯(অংশ)/৩৯৬ নং প্রজ্ঞাপন মোতাবেক প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি প্রদানের ক্ষেত্রে প্রতিষ্ঠান স্থাপন ও পাঠদানের অনুমতি প্রাপ্তির বিপরীতে নিযুক্ত শিক্ষক/কর্মচারীর বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক বহন করতে হবে। এ ব্যাপারে সরকারের আর্থিক দায়-দায়িত্ব নেই।
  - “অনুমতি পাওয়ার পর প্রতিষ্ঠানের নিজস্ব আয় হতে শিক্ষক/কর্মচারীগণের বেতন-ভাতা সংশ্লিষ্ট প্রতিষ্ঠান বহন করবে এবং “এমপিও দাবী করা হবে না” মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক মুচলেকা কারিগরি শিক্ষা বোর্ডে প্রদান করতে হবে।
  - সংশ্লিষ্ট প্রতিষ্ঠান নীতিমালার আলোকে সকল শর্তাদি পূরণ করবে এ মর্মে কারিগরি শিক্ষা বোর্ড প্রতিষ্ঠান স্থাপন/অনুমতি প্রদান করবে। উল্লেখ্য, সকল প্রতিষ্ঠানের ক্ষেত্রে নীতিমালা অনুযায়ী প্রতিষ্ঠানের নামে নিজস্ব জমি থাকতে হবে এবং ভাড়াবাড়িতে কোন প্রতিষ্ঠান স্থাপনের অনুমতি দেয়া যাবে না। এ ছাড়া বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের অন্যান্য সকল শর্ত প্রতিপালন করতে হবে।
  - স্থাপনের অনুমতি প্রাপ্তির পর পাঠদানের অনুমতি প্রদানের পূর্বে মন্ত্রণালয়ের অনুমতি গ্রহণ করতে হবে।
- ২। এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করে মন্ত্রণালয়কে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
আগারগাঁও, ঢাকা।


স্বাঃ/-  
মোঃ তাজুল ইসলাম  
উপ-সচিব  
ফোনঃ ৯৫ ৬৪ ৫৫২

নং-শিম/শাঃ১৬/স্বীকৃতি(কমিটি)৬-৬/২০১০(অংশ-১)/ ২২৭

তারিখ : ১২ কার্তিক, ১৪২১ বঙ্গাব্দ  
২৭ অক্টোবর, ২০১৪ খ্রিঃ

**অনুলিপি (কার্যার্থে/জ্ঞাতার্থে):**

- ১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, এফ-৪/বি, পশ্চিম আগারগাঁও, প্রশাসনিক এলাকা, শেরেবাংলা নগর, ঢাকা।
- ২। মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৩। সচিব/মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
(শিক্ষা মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ৫। অধ্যক্ষ, -----।

  
মোঃ তাজুল ইসলাম  
উপ-সচিব